মেহেরপুরে ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিক উদযাপন

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিক উদযাপন উপলক্ষে মেহেরপুরে মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে।

শনিবার (১৮ জানুয়ারি) সকাল সাড়ে ১০টার দিকে মেহেরপুর সরকারি কলেজ চত্বরে জেলা সাবেক ছাত্রদলের আয়োজনে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়। জাতীয় পতাকা উত্তোলন ও দলীয় পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হয়।

জেলা ছাত্রদলের প্রতিষ্ঠাতা সভাপতি মোঃ হাফিজুর রহমানের (হাফি) সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি আব্দুল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক ভিপি আব্দুল মান্নান, সাধারণ সম্পাদক আক্কাস আলী ও আব্দুল আউয়াল।

অনুষ্ঠানের আয়োজন করেন সাবেক যুগ্ন আহবায়ক মেহেরপুর জেলা ছাত্রদলের মুস্তাফিজুর রহমান (খোকন), সাবেক ভিপি মেহেরপুর সরকারি কলেজ ও সদস্য সচিব কাজী আজিজুল ইসলাম (টোকন)।

হাফিজুর রহমান হাফিজের সঞ্চালনায় সভায় এছাড়াও জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হোসেন মিন্টু, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হক, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, আবদাল হক, মুস্তাকিন, শহীদুল্লাহ, ফাহমিদা, আমির ফয়সাল মিলন, কবির হোসেনসহ ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর ছাত্রদলের প্রতিবাদ ও

বিক্ষোভ মিছিল

দেশের বিভিন্ন স্থানে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের প্রতিষ্ঠা বার্ষিকী পালনের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করেছে মেহেরপুর জেলা ছাত্রদলের নেতাকর্মীরা।

শনিবার (৪ জানুয়ারি) সন্ধ্যায় জেলা বিএনপির কার্যালয় থেকে একটি প্রতিবাদ মিছিল বের করা হয়। জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহাবুব সানির নেতৃত্বে মিছিলটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে সমাপ্ত হয়।

এ সময় তারা, “হই হই রই রই, ছাত্রলীগ গেলি কই?’, ‘অ্যাকশন, অ্যাকশন ডাইরেক্ট অ্যাকশন,’ ‘নিষিদ্ধ লীগের বিরুদ্ধে ডাইরেক্ট অ্যাকশন,’ ‘সন্ত্রাস লীগের বিরুদ্ধে ছাত্রদলের অ্যাকশন,” ছাত্রলীগের গুন্ডারা হুশিয়ার, সাবধান ইত্যাদি স্লোগান দেন।

জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহাবুব সানি বলেন, আওয়ামী লীগের দোসররা বিভিন্ন ভাবে অরাজকতা করার চেষ্টা করছে। আমরা স্পষ্ট ভাষায় বলতে চাই ছাত্রদল কিন্তু এখনো রাজপথে রয়েছে। আওয়ামী লীগের সন্ত্রাসীরা যদি ভেবে থাকে আমরা দমে গিয়েছি তাহলে তারা ভুল করছে। তিনি আরও বলেন, ছাত্রলীগের সন্ত্রাসীদের বার্তা দিতে চাই, তারা যেন কোনভাবে সন্ত্রাসী কর্মকাণ্ড না করার চেষ্টা করে। আমরা তাদের প্রতিহত করার জন্য রাজপথে ছিলাম, আছি এবং থাকবো।

প্রতিবাদ মিছিলে জেলা ছাত্রদলের সাবেক সহ সভাপতি ফিরোজুর রহমান ফিরোজ, সাংগঠনিক সম্পাদক সাইদ বিন রফিক সিজার, সরকারি কলেজ শাখার সাবেক সাধারণ সম্পাদক এহান উদ্দিন মনা, সাবেক ছাত্রনেতা মনি, জনি, সজল, চঞ্চল, মোমিন, পৌর ছাত্রনেতা ফুর্তি হাসান, সোহাগ, রকি,পৌর কলেজ শাখার ছাত্রনেতা সজিব, বাধন, ফারদিন, রাব্বি, বুড়িপোতা ইউনিয়ন ছাত্রনেতা সালমান, কুতুবপুর ইউনিয়ন ছাত্রনেতা জয়নাল, স্বাধীন, আমঝুপি ইউনিয়ন ছাত্রনেতা আশিক, সুইমসহ জেলা ছাত্রদলের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ছাত্রদলের প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে বর্ণাঢ্য র্যালি

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মেহেরপুরে বর্ণাঢ্য র্যালি করেছে জেলা ছাত্রদল।

আজ বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিরের নেতৃত্বে শহরের কাথুলি বাস স্ট্যান্ড এলাকা থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কোর্ট মোড়ে গিয়ে শেষ হয়।

র্যালিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

এছাড়াও এসময় জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি আলমগীর হোসেন চাঁদ, সিনিয়র যুগ্ম সম্পাদক রাশিদুল ইসলাম রাজন, দপ্তর সম্পাদক লিজন আলী, পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহী, সদস্য সচিব জারজিস ইউসুফ রৌমিক, সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ, সাবেক ছাত্রনেতা আহমেদ রাজিব খানসহ জেলা ছাত্রদলের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদা হাউলী ইউনিয়নে ছাত্রদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে হাউলী ইউনিয়ন ছাত্রদলের উদ্যোগে জাঁকজমকপূর্ণ ভাবে জাতীয় ও দলীয় পতাকা উত্তলন, কেক কাটা,

বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

র্যালিটি স্থানীয় ছাত্রদল কার্যালয় থেকে শুরু হয়ে ইউনিয়নের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। এতে নেতাকর্মীরা জাতীয় পতাকা ও দলীয় প্রতীকসহ বিভিন্ন ব্যানার ও ফেস্টুন নিয়ে অংশ নেন।

অনুষ্ঠানে হাউলী ইউনিয়ন ছাত্রদলের সভাপতি ফারুক হোসাইন বাবু’র সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, সহ-সভাপতি মহিউদ্দিন, যুগ্ম সাধারণ সম্পাদক কামরুজ্জামান, সাংগঠনিক সম্পাদক মালেক রুস্তম, হাউলী ইউনিয়ন ছাত্রদল নেতা নয়ন, আলিফ, কুরবান, আশরাফুল, আশিক, সজিবুল, হাবিব, রানা, অপু, সাব্বির, মাহাতাব, আকাশ, রাব্বি, লিটন, সিজান, স্বপন, অন্তর, রাজু, নূরালি, সোহান, ওবায়দুল্লাহসহ ইউনিয়নের বিভিন্ন গ্রামের ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন হাউলী ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক তানজিল হাসান তামিম ও সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিক।

পরে বিকাল সাড়ে ৫টার সময় হাউলী ইউনিয়ন বিএনপি’র অস্থায়ী কার্যালয়ে কেক কাটা হয়।

দামুড়হুদায় ছাত্রদলের ৪৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

১৯৭৯ সালের ১ জানুয়ারি সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান এই সংগঠন প্রতিষ্ঠা করেন। এর পর বিভিন্ন চড়াই-উতরাই পেরিয়ে দেশের অন্যতম বৃহৎ ছাত্রসংগঠনে পরিণত হয় ছাত্রদল। তারই উপলক্ষে দামুড়হুদা উপজেলা ছাত্রদলের উদ্যোগে জাঁকজমকপূর্ণ ভাবে জাতীয় ও দলীয় পতাকা উত্তলন, কেক কাটা, বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

র্যালিটি স্থানীয় ছাত্রদল কার্যালয় থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। এতে নেতাকর্মীরা জাতীয় পতাকা ও দলীয় প্রতীকসহ বিভিন্ন ব্যানার ও ফেস্টুন নিয়ে অংশ নেন। র্যালি শেষে সংক্ষিপ্ত আলোচনা সভায় বিএনপি ও ছাত্রদলের নেতারা বক্তৃতা দেন। তারা দলীয় ঐক্য বজায় রাখা এবং গণতন্ত্র পুনরুদ্ধারের আহ্বান জানান। উচ্ছ্বাস ও দেশপ্রেমে উজ্জীবিত এ র্যালি দলীয় কর্মসূচি সফল করতে স্থানীয়দের মধ্যে ব্যাপক সাড়া ফেলে।

অনুষ্ঠানে দলীয় নেতাকর্মীদের ব্যাপক উপস্থিতি লক্ষ্য করা যায়। আজ বুধবার সকাল ১০ টার সময় দামুড়হুদা বিএনপি’র অস্থায়ী কার্যালয়ে কেক কাটা হয়।

অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা ছাত্রদলের সভাপতি আফজালুল হক সবুজের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মোঃ মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক মোঃ রফিকুল হাসান তনু, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ মন্টু মিয়া, দামুড়হুদা উপজেলা মহিলা দলের সভানেত্রী সালমা জাহান পারুল, সদর ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ আব্দুর রহিম, সাধারণ সম্পাদক মোঃ আনছার আলী,দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব মোঃ জাকির হোসেন,দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক জনি, ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক ইনজামামুল হকসহ বিভিন্ন ইউনিয়নের ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা ছাত্রদলের সদস্য সচিব এম ডিকে সুলতান জসিম।

ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি

বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন এবং স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি পালন করেছে মেহেরপুর জেলা ছাত্রদল।

আজ বুধবার (০১ জানুয়ারি) সকাল ১১ টার দিকে মেহেরপুর বোসপাড়া বিএনপি অফিসের সামনে এ কর্মসূচি পালন করা হয়।

জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

এ সময় আরো উপস্থিত ছিলেন, সিনিয়র সহ-সভাপতি আলমগীর হোসেন চাঁদ, সিনিয়র যুগ্ম সম্পাদক রাশিদুল ইসলাম রাজন, দপ্তর সম্পাদক লিজন আলী, পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহী, সদস্য সচিব জারজিস ইউসুফ রৌমিক, ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ, সাবেক ছাত্রনেতা আহমেদ রাজিব খান, সাবেক ছাত্রনেতা আহমেদ রনি সহ জেলা ছাত্রদলের নেতৃবৃন্দরা।

পরে থ্যালাসেমিয়া রোগী আক্রান্ত দুইটি শিশুকে জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, পৌর ছাত্রদলের আহ্বায়ক তৌফিক এলাহি স্বেচ্ছায় রক্তদান করেন ও প্রধান অতিথি মাসুদ অরুন সেই দুইটি শিশুর পরিবারের হাতে রক্তের ব্যাগ তুলে দেন।

মেহেরপুরে ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বাংলাদেশ ছাত্রদলের ৪৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা ছাত্রদল বিভিন্ন কর্মসূচি পালন করে।

আজ বুধবার (০১ জানুয়ারি) সকালে মেহেরপুর কলেজ মাঠে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে জাতীয় সংগীতের তালে তালে জাতীয় পতাকা উত্তোলন ও ছাত্রদলের পতাকা উত্তোলনের মধ্য দিয়ে করে এই কর্মসূচি শুরু করে।

পরে মেহেরপুর সরকারি কলেজ মাঠ থেকে মেহেরপুর জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমানের নেতৃত্বে র্যালি বের হয়ে

মেহেরপুরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়।

এ সময় র্যালিতে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রদল সহ সভাপতি নাহিদ মাহবুব সানি, মেহেরপুর জেলা ছাত্রদলের সহ সভাপতি জুয়েল রানা, জেলা ছাত্রদল যুগ্ম সম্পাদক আমির হাসান হিমেল, মেহেরপুর জেলা ছাত্রদলের সহ সাংগঠনিক সম্পাদক রিপন হোসেন, মেহেরপুর সদর উপজেলা ছাত্রদলের যুগ্ম আহবায়ক নাজির আহমেদ, গাংনী উপজেলা ছাত্রদলের সদস্য সচিব রিপন হোসেন, গাংনী পৌর ছাত্রদলের আহবায়ক জুয়েল রানা, গাংনী পৌর ছাত্রদলের সদস্য সচিব শিশির আহমেদ সাকিল, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক ফাহিম আহনাফ লিংকন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের সদস্য সচিব আজিজুর রহমান আফিরুল প্রমুখ।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন, মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, যুগ্ম আহবায়ক ফয়েজ মোহাম্মদ, মেহেরপুর জেলা বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আনছা-উল -হক, সাবেক সহ সভাপতি হাফিজুর রহমান হাফি, সাবেক সহ সভাপতি এম এ কে খাইরুল বাশার, সাবেক সহ-সভাপতি ওমর ফারুক লিটন, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক রেজাউল করিম, সাবেক ছাত্রনেতা ও মেহেরপুর জেলা বিএনপির সাবেক তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক মোঃ নাজমুল হক লিটন, সাবেক পৌর সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলী, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা যুবদলের সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, মেহেরপুর জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ সহ জেলা ছাত্রদল, যুবদল, স্বেচ্ছাসেবক দল, জেলা বিএনপি সহ বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে যুবদল ও ছাত্রদলের লিফলেট বিতরণ

“দেশ বাঁচাও মানুষ বাঁচাও” এখনই সময়, জেগে ওঠো তরুণ, হাতে হাত রাখো, তোমার তারুণ্যদীপ্ত কণ্ঠে ধ্বনিত হোক, গণতন্ত্র মুক্তির শ্লোগান এই স্লোগানকে সামনে রেখে দেশ বাঁচাতে ১৭ জুলাই খুলনা মহানগরীতে তারুণ্যের সমাবেশ সফল করতে লিফলেট বিতরণ করেছেন মুজিবনগর উপজেলা জাতীয়তাবাদী যুবদল।

শনিবার বিকেলে দারিয়াপুর বাজারে উপজেলা জাতীয়তাবাদী যুবদলের আহ্বায়ক আবুল হাসান এবং সদস্য সচিব আনোয়ারুল ইসলামের নেতৃত্বে এই লিফলেট বিতরণ করা হয়। এ সময় জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মেহদী হাসান রোকনসহ উপজেলা যে যুবদলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে দুপুর ১ টার দিকে মুজিবনগর উপজেলা জাতীয়তাবাদী ছাত্রদল কেদারগঞ্জ বাজারে খুলনা মহানগরীতে তারুণ্যের সমাবেশ সফল করতে লিফলেট বিতরণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, কেন্দ্রীয় ছাত্রদলের যোগাযোগ বিষয়ক সম্পাদক মিনহাজ আহমেদ প্রিন্স, মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হোসেন, সেক্রেটারি আলমগীর হোসেন, মুজিবনগর উপজেলা ছাত্রদলের আহবায়ক আকিব জাভেদ সেনজির, সদস্য সচিব আফিরুল ইসলাম সহ ছাত্রদলের নেতৃবৃন্দ।

মিছিল থেকে মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি গ্রেফতার

নাশকতার মামলায় মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হুসাইনসহ দুজনকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

আজ শুক্রবার (১৬ জুন) বিকাল ৪ টার দিকে গাংনী পৌর এলাকার আখ সেন্টার পাড়া এলাকায় ছাত্রদলের মিছিল থেকে তাকে গ্রেফতার করে পুলিশ।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেন। তিনি বলেন, বামন্দীতে নাশকতার মামলায় নাজমুল হুসাইনকে গ্রেফতার করা হয়েছে।
এদিকে নাজমুল হুসাইনকে গ্রেফতারের তীব্র নিন্দা জানিয়েছেন গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক ও সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

আসাদুজ্জামান বাবলু বলেন, পুলিশের এই ন্যাক্কারজনক আচরনের তীব্র নিন্দা জানাচ্ছি। একটি শান্তিপ্রিয় মিছিল থেকে জেলা ছাত্র দলের সভাপতি নাজমুল হুসাইনকে আটক করেছে পুলিশ। তাকে মিথ্যা নাশকতার মামলার আসামি হিসেবে চালান দিচ্ছেন। তিনি নিঃশর্ত মুক্তি দাবি করেন।

মেহেরপুরে ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দলের দুই নেতা আটক/৬টি ককটেল উদ্ধার

মেহেরপুর শহরের শেখপাড়ায় অভিযান চালিয়ে জেলা ছাত্রদল নেতা নাহিদ মাহবুব সানি (৩০) ও স্বেচ্ছাসেবক দল নেতা তারেক হোসেন ওরফে কালুকে আটক করে পুলিশ। এসময় তাদের কাছ থেকে ৬ টি ককটেল উদ্ধার

করেছে বলে দাবী পুলিশের।

বৃহস্পতিবার দিবাগত রাতে শহরের শেখপাড়ার একটি পরিত্যক্ত চায়ের দোকানে অভিযান চালিয়ে তাদের আটক করে সদর থানা পুলিশ।

আটকরা হলেন, মেহেরপুর শহরের ৪ নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক শেখপাড়া এলাকার মোতালেব হোসেনের ছেলে মো: তারেক হোসেন ওরফে কালু ও শহরের বড়বাজার এলাকার মৃত সাইদ মাহবুব জামানের ছেলে মেহেরপুর জেলা ছাত্রদলের সহসভাপতি নাহিদ মাহবুব সানি।

পুলিশ জানায়, ঘটনার সময় শেখপাড়া পরিত্যাক্ত একটি চায়ের দোকানের সামনে বিএনপির ১০থেকে ১২ জন লোক নাশকতার উদ্দ্শে্যে সরকার বিরোধী মিটিং করছিল। এসময় গোপন সংবাদের ভিত্তিত্বে খবর পেয়ে সদর থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) কেএম রেজাউল করিমের নেতৃত্বে পুলিশের একটি টিম সেখানে অভিযান চালান। পুলিশের উপস্থিতি টের পেয়ে ককটেলগুলো ফেলে রেখে সবাই পালিয়ে গেলেও দুই জন আটক হন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, নাশকতার অভিযোগে সন্ত্রাস দমণ আইনে ৬ জন এজাহার নামীয় ও অজ্ঞাত ১০ থেকে ১২ জনকে আসামি করে একটি মামলা দায়ের করা হয়েছে। শুক্রবার দুপুরে আটকদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খান ছাতু বলেন, মিথ্যা ও সাজানো মামলায় বিরোধীদের দমন পিড়নে ব্যস্ত পুলিশ। এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েঅনতিবিলম্বে এই মিথ্যা মামলা প্রত্যাহার ও নি:শর্ত মুক্তি দাবী করেন তিনি।